শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
SO 9001, ISO14001 &
SO 45001 Certified

জনসংযোগ পরিদপ্তর
বাপবিবো, খিলক্ষেত, ঢাকা।
ফোন নং-৮৯০০৩১৭।
ই-মেইলঃ prdreb@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২১.২৯.১২৮.২০. ১০৫৮

তারিখঃ ২২ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ। / ০৫ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ।

সচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

**দৃষ্টি আকর্ষণঃ** অতিরিক্ত সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়।

**বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কর্মপরিকল্পনা প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: বিদ্যুৎ বিভাগের স্মারক নং- ২৭.০০০০.০৮১.৯৯.০০৩.১৯.৭৯; তারিখ: ২৬-০১-২০২০ খ্রি:।

০১। উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী "মুজিববর্ষ" উদযাপন উপলক্ষ্যে "মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ"-এ অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। তাই "মুজিববর্ষ" অর্থবহ করে উদযাপনের স্বার্থে জাতীয়ভাবে উদযাপিত কর্মসূচির সাথে সংগতি রেখে কর্মসম্পাদনমূলক, সেবামূলক ও প্রচারণামূলক কার্যসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসম্পাদনমূলক কার্যসূচিসমূহ ০৬(ছয়)টি উচ্চ পর্যায়ের কমিটির মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। "মুজিববর্ষ" উদযাপনের গৃহীত কার্যক্রমের সারসংক্ষেপ নিম্নরূপঃ

**(ক) কর্মসম্পাদনমূলক কার্যক্রম:**

**(১) শতভাগ বিদ্যুতায়ন সংক্রান্ত কার্যক্রম:**

(ক) জুন'২০২০ মাসের মধ্যে দেশব্যাপী গ্রীডভুক্ত এলাকার ৪৬১ টি উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন;

(খ) অফগ্রীড এলাকার ১০৮৩টি গ্রাম ডিসেম্বর'২০২০ এর মধ্যে আরইবি ও সমিতির নিজস্ব অর্থায়নে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম চূড়ান্তভাবে সম্পন্ন করা;

(গ) "মুজিববর্ষ" ব্যাপী ৮০টি পবিসে "আলোর ফেরিওয়ালা" পালাক্রমে ২৪ ঘণ্টা দায়িত্ব পালন করে "ঘরে ঘরে বিদ্যুৎ" তথা শতভাগ উপজেলা বিদ্যুতায়ন নিশ্চিত করা;

(ঘ) "মুজিববর্ষে" সমগ্র দেশব্যাপী ২ লক্ষ ৫০ হাজার প্রি-পেইড মিটার স্থাপন করা;

**(২) উৎকর্ষ এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত কার্যক্রম:**

(ক) **"মুজিববর্ষ-পল্লী বিদুতের সেবা বর্ষ"** হিসেবে প্রতিপালনের জন্য **"আলোর ফেরিওয়ালা", "উঠান বৈঠক"** এবং **"গণশুনানী"** কর্মসূচীর প্রান্তিক পর্যায়ে বাস্তবায়ন করা;

(খ) হয়রানিমুক্তভাবে দ্রুত বিদ্যুৎ সংযোগ ও উত্তম সেবা প্রদানের লক্ষ্যে ৮০টি পবিস-এ Online সংযোগ ও সেবা ২৪ ঘণ্টা চালু রাখা;

(গ) মুজিববর্ষে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিদ্যুৎ লাইনে ফল্ট লোকেটর বাস্তবায়ন করা;

(ঘ) উত্তম গ্রাহক সেবা নিশ্চিতকরণে মোবাইলের মাধ্যমে Online বিল পেমেন্ট বাস্তবায়ন করা;

(ঙ) উত্তম গ্রাহক সেবায় TMLM বাস্তবায়ন করা;

(চ) গ্রাহক সেবার মানোন্নয়নে পল্লী বিদ্যুতের বিল, বিদ্যুতের ব্যবহার ও অভিযোগ অনলাইনে (মোবাইল এ্যাপ) নিষ্পত্তি করা;

(ছ) **"পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর"**- এ প্রতিপাদ্যের অংশ হিসেবে আরইবি ও ৮০টি পবিসের সকল অফিসে পরিচ্ছন্নতা অভিযানের প্রতিযোগিতার আয়োজন করা;

(ছ) আরইবি এবং পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্য হতে কার্যক্ষেত্রে সফলতার জন্য বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান;

(ঙ) প্রতিটি উপজেলা/৮০টি পবিস-এর ক্ষেত্রে উত্তম গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে একজন সেরা বিদ্যুৎ কর্মীকে বঙ্গবন্ধু পুরস্কার প্রদান;

(চ) গ্রাহক সেবার উৎকর্ষ সাধনে বঙ্গবন্ধুর দর্শনের ভিত্তিতে আরইবি এবং ৮০টি পবিস-এ 'ইনোভেশন প্রতিযোগিতা' এর আয়োজন করা;

(ছ) আরইবি এবং পবিসে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর জন্য 'কর্মজীবন উন্নয়ন পরিকল্পনা' বাস্তবায়ন করা;

(জ) ৮০টি পবিস –এ **'ডে কেয়ার'** সেন্টার চালু নিশ্চিত করা;

(৩) **"আমার গ্রাম-আমার শহর" কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম:**

(ক) **'আমার গ্রাম-আমার শহর'** বিনির্মাণে ৮০টি পবিস এর জন্য ৮০টি মডেল গ্রাম ইতোমধ্যে নির্বাচন করা হয়েছে; নির্বাচিত মডেল গ্রামসমূহে নাগরিক সুবিধাসহ শিল্পায়ন; কৃষি বিপ্লব ও Digital Bangladesh বিনির্মাণের লক্ষ্যে নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখা। পরবর্তীতে এ মডেল REB'র ভৌগলিক এলাকার গ্রামে বাস্তবায়ন করা;

(খ) "গ্রামীণ জীবনমান উন্নয়নে বিদ্যুৎ শক্তি"-শীর্ষক প্রকল্পের মাধ্যমে নারীর কর্মসংস্থান সুযোগ সৃষ্টি করা;

(গ) তারুণ্যের শক্তি-বাংলাদেশের শক্তি অর্জনে বৈদ্যুতিক কর্ম পেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে **"মুজিববর্ষ"-এ** ২৩,১০০ জন বেকার যুবক/যুব মহিলাদের রেগুলার ইলেকট্রিশিয়ান, ইন্ডাস্ট্রিয়াল (এডভান্স) ইলেকট্রিশিয়ান, পবিস বিতরণ লাইন নির্মাণ সংক্রান্ত, সৌর বিদ্যুৎ চালিত পাম্পের সাধারণ মেইনটেইন্যান্স, এনার্জি ভিত্তিক জীবিকার সুযোগ তৈরির জন্য ট্রেনিং (৩০% মহিলা প্রশিক্ষণার্থী), ফ্রিল্যান্সিং ইন্সপেকশন, বিদ্যুৎ শক্তি ভিত্তিক ক্ষুদ্র ও নতুন ব্যবসা সংক্রান্ত, বিদ্যুৎ শক্তির দক্ষ, নিরাপদ ও পরিবেশবান্ধব ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান;

(ঘ) গ্রামীণ নারীর ক্ষমতায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে কৃষি এবং শিল্প ক্ষেত্রে নারী উদ্যোক্তাদের বিশেষ সুবিধা প্রদানের মাধ্যমে উৎসাহিত করা;

(৪) **গ্রাহক সেবার মানোন্নয়ন সংক্রান্ত কার্যক্রম:**

(ক) **"মুজিববর্ষ-পল্লী বিদুতের সেবা বর্ষ"** হিসেবে প্রতিপালনের জন্য **"আলোর ফেরিওয়ালা", "উঠান বৈঠক"** এবং **"গণশুনানী"** কর্মসূচীর প্রান্তিক পর্যায়ে অর্থবহ বাস্তবায়ন করা;

(খ) গ্রাহক সেবার মানোন্নয়ন ও গ্রাহকদের ভোগান্তি লাঘবে অভিযোগ গ্রহণ ও প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System)-কে উন্নত করতে কার্যকর ব্যবস্থা গ্রহণ;

(গ) হয়রানিমুক্তভাবে দ্রুত বিদ্যুৎ সংযোগ ও উত্তম সেবা প্রদানের লক্ষ্যে ৮০টি পবিস-এ Online সংযোগ ও সেবা ২৪ ঘণ্টা চালু রাখা;

(ঘ) **"মুজিববর্ষ"**-এ বিদ্যুৎ সংযোগকৃত ১০০টি বিশেষ অর্থনৈতিক অঞ্চলে নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখা;

(ঙ) সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুফলভোগী দরিদ্র জনগোষ্ঠীর জন্য বিদ্যুৎ সেবা সহজীকরণ;

(চ) সেবা গ্রহীতাদের অভিযোগ গ্রহণের লক্ষ্যে প্রতিটি পবিস-এ একটি বিশেষ হট লাইন নম্বর প্রবর্তন; অর্থাৎ ৮০টি পবিস-এ ৮০টি "সেবা নম্বর" চালু করা;

(ছ) ৮০টি পবিস সদরদপ্তরসহ সকল অফিসে আগত গ্রাহক সদস্যদের বিশ্রামাগার, সুপেয় পানি, নামাজ ঘর, প্রার্থনা ও প্রসাধন কক্ষের সুব্যবস্থা রাখা;

(জ) গ্রাহক সেবার মানোন্নয়নে পল্লী বিদ্যুতের বিল, বিদ্যুতের ব্যবহার ও অভিযোগ অনলাইনে (মোবাইল এ্যাপ) নিষ্পত্তি করা।

(৫) **টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি এবং গ্রাহক সচেতনতা সংক্রান্ত কার্যক্রম:**

(ক) ১০৭টি অফ-গ্রীডভূক্ত গ্রামে নবায়নযোগ্য জ্বালানি/সোলার সিস্টেম/গ্রীড বিদ্যুৎ ব্যবহার করে বিদ্যুতায়নের ব্যবস্থা করা;

(খ) পরিবেশ বান্ধব ২০০০ সোলার সেচ পাম্প স্থাপন;

(গ) নেট-মিটারিং কার্যক্রম আরও জোরদার করা;

(ঘ) পরিমিত বিদ্যুৎ ব্যবহার ও চুরি/দুর্ঘটনা/অবৈধ ব্যবহার প্রতিরোধে পোস্টার, লিফলেট, ফ্লাইয়ার্স ইত্যাদি "মুজিববর্ষ" ব্যাপী গ্রাহক প্রান্তে বিলি ও মাইকিং করা।

(৬) **নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত কার্যক্রম:**

(ক) বৈদ্যুতিক সরঞ্জামাদি এবং বৈদ্যুতিক ক্যাবলের Standard Specification এবং বৈদ্যুতিক ওয়্যারিং জুন'২০২০ এর মধ্যে ইউনিফাইড করা;

(খ) ৩৩ কেভি ব্রেকার, ৩৩ কেভি ও ১১ কেভি এসিআরসহ ১১ কেভি বিতরণ ব্যবস্থার বিদ্যমান সেকশন ফিউজ এর মধ্যে Co-ordination সম্পন্ন করা;

(গ) ৮০টি পবিস এর বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় ৩৩ কেভি ও ১১ কেভি ফিডার ভিত্তিক শতভাগ রক্ষণাবেক্ষণ, ম্যাপ অনুযায়ী মার্চ ২০২০ এর মধ্যে সম্পন্ন এবং সকল বিতরণ ট্রান্সফরমার ওভারলোডিং নিরসন করা;

(ঘ) ৩৩/১১ কেভি উপকেন্দ্র, ৩৩ কেভি সোর্স লাইন ও ১১ কেভি ফিডারের ওভারলোডিং নিরসন করা;

(ঙ) "মুজিববর্ষ"-এ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে জরুরি ভিত্তিতে রক্ষণাবেক্ষণ মালামাল যেমন ট্রান্সফরমার, তার, মিটার, ফিউজ ইত্যাদি ১ বৎসরের জন্য পর্যাপ্ত পরিমাণে মজুদ রাখা;

(চ) সকল প্রকার বিতরণ লাইনের Right of Way কাজ মার্চ, ২০২০ এর সম্পন্ন করা এবং "মুজিববর্ষ" ব্যাপী সুনিশ্চিত রাখা।

(খ) **সেবামুলক কার্যক্রম:**

(১) গ্রাহক সেবায় পল্লী বিদ্যুতের 'উঠান বৈঠক' বহুমাত্রিকভাবে বাস্তবায়ন করা;

(২) 'মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ' হিসেবে পালন;

(৩) "মুজিববর্ষ" ব্যাপী প্রতি সোমবারে আরইবি'র সদরদপ্তরে চেয়ারম্যান কর্তৃক গণশুনানি আরও বেগবান করা;

(৪) সুশাসন সংহতকরণে আরইবি এবং ৮০টি পবিস এর প্রায় ৩৫ হাজার কর্মীবাহিনীর শুদ্ধাচার চর্চা তরান্বিত করা;

(৫) 'দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স' নীতি জোরদার করা;

(৬) 'Digital Bangladesh' বিনির্মাণে 'পেপারলেস অফিস' চালু করা;

(৭) জনগণের শতভাগ বিদ্যুৎ পাওয়া নিশ্চিত করা।

(গ) **প্রচারণামূলক কর্মসম্পাদন:**

"মুজিববর্ষ" উপলক্ষ্যে প্রচারণামূলক কার্যক্রমসমূহ ১৭ মার্চ, ২০২০ কে কেন্দ্র করে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; যার সার সংক্ষেপ নিম্নরূপঃ

(১) আরইবি'র সদর দপ্তরে মুজিবর্ষের ক্ষণগণনা মেশিন স্থাপন করা হয়েছে;

(২) আরইবি ও ৮০টি পবিস সদর দপ্তরে "মুজিববর্ষ"-নামে গেট নির্মাণ চলমান রয়েছে;

(৩) আরইবি'র সদর দপ্তরে স্থাপিতব্য বিশাল আকৃতির Display Board-এর মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনালেখ্যের নির্মিত ভিডিও, পল্লী বিদ্যুতায়নে বঙ্গবন্ধুর স্বপ্ন ও সংবিধানের স্বীকৃতি এবং বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে বিদ্যুতের অবদান বিষয়ক নির্মিত ভিডিও "মুজিববর্ষ" ব্যাপী প্রদর্শন করা;

(৪) জাতীয়/স্থানীয় টিভি/ডিস চ্যানেল এর মাধ্যমে "মুজিববর্ষ" উপলক্ষ্যে নির্মিত ভিডিও (৩০-৩৫ সেকেন্ড) বার্তার মাধ্যমে গ্রাহক তথা দেশবাসীকে অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করা;

(৫) আরইবি'র সদর দপ্তর ও ৮০টি পবিস-এ "মুজিবকর্ণার" স্থাপন করা; উক্ত কর্ণারে নিম্নরূপ বিষয়াদির আয়োজন রাখা হবেঃ

(ক) মুজিবকর্ণারে প্রবেশদারে "মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ" শ্লোগান দিয়ে গেট করা;

(খ) মুজিবকর্ণারের ভিতরে বঙ্গবন্ধুর দৃষ্টিনন্দন ঐতিহাসিক ছবির প্রদর্শনী করা;

(গ) ঐতিহাসিক দিবস সমূহের ভিডিও প্রদর্শন করা;

(ঘ) বঙ্গবন্ধুর উপর রচিত বিভিন্ন উল্লেখযোগ্য গ্রন্থ, মাননীয় প্রধানমন্ত্রীর রচিত গ্রন্থ, মুক্তিযুদ্ধের উপর রচিত উল্লেখযোগ্য গ্রন্থসমূহ রাখা;

(ঙ) মুজিবকর্ণারে অফিস সময়ে একজন চটপটে কর্মকর্তা/কর্মচারী দায়িত্ব পালন;

(চ) মুজিবকর্ণারে একটি দর্শনার্থী রেজিস্টার রাখা;

(ছ) মুজিবকর্ণারে স্বচ্ছ সেবা বক্স চালু রাখা;

(জ) মুজিববর্ষে সম্মানিত গ্রাহক সদস্যদের উদ্দেশ্যে অভিনন্দন বার্তা ও শুভেচ্ছা বাণী রাখা ও বিলি করা;

(ঝ) বিদ্যুতের অপচয় রোধ অবৈধ বিদ্যুৎ ব্যবহার পরিহার বিষয়ক বিভিন্ন প্রকার লিফলেট/ফ্লাইয়াস বিলি করা;

(৬) “জাতির পিতার জন্মদিন-পল্লী বিদ্যুতের শুভেচ্ছা নিন” শিরোনামে একাধিক ব্যানার/ফেস্টুনসহ ৮০টি পবিস-এর নিকটস্থ জেলা/উপজেলা পর্যায়ে আনন্দ মিছিল করা;

(৭) শততম জন্মবার্ষিকীর শুভেচ্ছা জানিয়ে আরইবি ও ৮০টি পবিস-এর সকল অফিসের দৃশ্যমান স্থানে লং ব্যানার সাঁটানো;

(৮) ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে “মুজিববর্ষ” উপলক্ষ্যে গ্রাহক তথা দেশবাসীকে অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করা;

(৯) বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা/Digital Bangladesh বিনির্মাণে বিদ্যুতায়নের অবদান/সাফল্য তুলে ধরে জাতীয়/স্থানীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ;

(১০) “মুজিববর্ষ”-এর লোগোসহ “মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ”- নামে তৈরীকৃত টি-শার্ট পড়ে ১৭ই মার্চ র‍্যালি করা ও ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির প্রায় ২০ হাজার লাইনম্যান, মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণের অফিস ডিউটি করা; এবং অফিসসমূহে লং ব্যানার সাঁটানো;

(১১) অফিস ভবনসমূহের সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোক সজ্জাকরণ;

(১২) বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে বিদ্যুতের অবদান বা সুন্দর নামে একটি তথ্য সমৃদ্ধ ম্যাগাজিন তৈরি করা;

(১৩) ১৭ মার্চ আরইবি'র সদর দপ্তরে ও ৮০টি পবিস-এ শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা;

(১৪) দুর্নীতির বিরুদ্ধে বর্তমান সরকারের “জিরো টলারেন্স” নীতি বাস্তবায়ন ও বিদ্যুতের অপচয়/চুরি/অবৈধ ব্যবহার রোধে লিফলেট, পোস্টার, ফ্লাইয়াস ইত্যাদির মাধ্যমে প্রচারণা চালানো;

(১৫) মহান সংবিধানের ১৬ নং অনুচ্ছেদ এবং ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউট এ বঙ্গবন্ধুর ভাষণের প্রেক্ষিতে পল্লী বিদ্যুতায়ন বোর্ড সৃষ্টি এবং আর্থসামাজিক উন্নয়নে বিদ্যুতের অবদানের বিষয়ে সেমিনার আয়োজন করা।

০২। এছাড়াও মুজিববর্ষের অন্যান্য জাতীয় ঐতিহাসিক দিবসসমূহে (মহান স্বাধীনতা দিবস, জাতীয় শোক দিবস, বিজয় দিবস, স্বদেশ প্রত্যাবর্তন দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ঐতিহাসিক ৭মার্চ ও জাতীয় শিশু দিবস বা ১৭ মার্চ, ২০২১ ইত্যাদি) জাতীয় কমিটি কর্তৃক ঘোষিত কর্মসূচির সাথে সংগতি রেখে কার্যক্রম প্রণয়ন করা হবে।

০৩। বিষয়টি আপনার অবগতির নিমিত্ত প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত
মেজর জেনারেল মঈন উদ্দিন (অব:)
চেয়ারম্যান

অনুলিপি (কার্যার্থে ও জ্ঞাতার্থে)
১। সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা/ডিএন্ডও/পিএন্ডডি), বাপবিবো, ঢাকা।
২। সকল দপ্তর/পরিদপ্তর/অফিস/বিভাগ প্রধান, বাপবিবো।
৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার সকল পবিস।

০৫/০২/২০২০
(মোঃ আনোয়ার হোসেন)
পরিচালক (চঃদাঃ)